Without skilled labour, the industry will not be progressed. Therefore, It is necessary to set up technical schools with a focus on mechatronics and automotive engineering. Besides, students should have opportunity to gain internship from this industry. The BCI should play a vital role for establishing industry and academia partnership to produce skilled labour. Bangladesh would be able to enhance both assembly and after-sales services with the help of skilled labor.

- **Transition to Electric Cars (EVs)**

Globally, electric vehicles are becoming the way of the future for automobiles. By providing incentives to EV assembly plants, Bangladesh can take the lead in this industry. With government funding, Runner and PHP might lead the way in this field. Policy should be developed in this regard. The BCI should play vital role promoting Electric cars.



Figure 3: The possible solution of the current Challenges

Table 2: Proposed Solutions for Automobile Industry Development in Bangladesh

Solution Area	Key Actions	Expected Impact
Local Assembly Plant Expansion	• Joint ventures with global brands; • Expand PHP, Pragoti, Runner into small & electric cars; • GoB & BCI support.	⇒ Greater production capacity; ⇒ Increased competitiveness of local manufacturers.
Incentives & Tax Reform	• High import tax on complete cars; • Reduce duties on raw materials; • Streamline VAT/Tax policies.	⇒ Encourages local assembly; ⇒ Reduces production costs; ⇒ Attracts more investors.
Stable Policy Framework	• National Automobile Policy with 10–15 year horizon; • Ensure policy stability.	⇒ Boosts investor confidence; ⇒ Attracts FDI; ⇒ Ensures long-term sectoral growth.
Developing Skilled Labor	• Establish technical schools; focus on mechatronics & auto engineering; • Internships in Automobile industry; • academia-industry linkage	⇒ Creates skilled workforce; ⇒ Improves assembly & after-sales services.
Transition to Electric Vehicles	• Provide EV assembly incentives; • government funding; • BCI promotion;	⇒ Positions Bangladesh in future global EV market; ⇒ Sustainable and modern industry.

Conclusion

Bangladesh may lessen its need for imports and work toward creating a sustainable automotive industry with the right laws, tax breaks, and investments in domestic manufacturing. Bangladesh now has a chance to take part in the global automotive revolution due to the growing popularity of electric vehicles. Local businesses like Runner, Pragoti, and PHP have the potential to significantly contribute to Bangladesh's transformation into a competitive South Asian auto manufacturing hub if given the right support. Bangladesh Chamber of Industry (BCI) will act as a mediator for supporting not only automobile industries but also other small and medium enterprise .

Acknowledgment: The writing of this article benefited from the use of online resources and AI-assisted support.

Reference

Abbas, S. (2025). Automotive Industry Overview, Analysis, and Trends. Oak Business Consultant. Retrieved 29 August from https://oakbusinessconsultant.com/automotive-industry-overview-analysis-and-trends/

Krasova, E. V. (2018). Characteristics of global automotive industry as a sector with high levels of production internationalization. Amazonia Investiga, 7(16), 84-93.

বাংলাদেশে কৃষি যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশের উৎপাদনের সক্ষমতা ও চ্যালেঞ্জ

লেখকঃ প্রকৌশলী মোঃ হুমায়ুন কবির, F-IEB
মহা-ব্যবস্থাপক
আলীম ইন্ডাস্ট্রিজ লিমিটেড

ভূমিকা

কৃষি বাংলাদেশের অর্থনীতির মূল চালিকাশক্তি হিসেবে সুদীর্ঘকাল থেকে বিবেচিত হয়ে আসছে। আমাদের অর্থনীতিতে কৃষি খাতের অবদান অপরিসীম। দেশের মোট শ্রমশক্তির প্রায় ৪০% কৃষিতে নিয়োজিত, এবং জিডিপিতে প্রায় ১১.৬৬% অবদান রাখে (বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ২০২৪)। দেশের জনগোষ্ঠীর সিংহভাগ গ্রামে বসবাস করেন, যার অধিকাংশ কৃষির সাথে সরাসরি সম্পৃক্ত। গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান, ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য ও পুষ্টির নিরাপত্তা তথা সামষ্টিক অর্থনীতির ইতিবাচক পরিবর্তনের জন্য কৃষির টেকসই উন্নয়ন অপরিহার্য। কৃষির টেকসই উন্নয়নের জন্য আধুনিক কৃষি প্রযুক্তির উদ্ভাবন, শ্রমনির্ভর কৃষি থেকে যান্ত্রিক কৃষির রূপান্তর, কম সময়ে একই জমিতে অধিক পরিমাণে ফসল উৎপাদন এবং উৎপাদনের প্রতিটি ধাপে খরচ কমানোর কৌশল ব্যবহার এখন সময়ের দাবি। সমন্বিত টেকসই কৃষির উন্নয়নের জন্য কৃষি যান্ত্রিকীকরণের গুরুত্ব অপরিসীম। সার্বিক বিবেচনায় দেশের উপযোগী মানসম্পন্ন আধুনিক কৃষি যন্ত্রপাতি, কৃষি যন্ত্রপাতি পরিচালনা ও মেরামতের জন্য দক্ষ জনশক্তি এবং মানসম্পন্ন পর্যাপ্ত খুচরা যন্ত্রাংশ সহজলভ্য করতে না পারলে টেকসই কৃষি যান্ত্রিকীকরণ কোনভাবেই সম্ভব নয়। তাই পরিশেষে টেকসই কৃষি এবং পৃথিবীর ৯২ তম আয়তন, ১৩ তম জনঘনত্ব ও অষ্টম জনসংখ্যার দেশে বিপুল জনগোষ্ঠীকে খাদ্য ও পুষ্টি নিরাপত্তার জন্য টেকসই কৃষি যান্ত্রিকীকরণ অপরিহার্য। এই প্রেক্ষাপটে, দেশে কৃষি যন্ত্রপাতি এবং খুচরা যন্ত্রাংশ উৎপাদনের সক্ষমতা, প্রযুক্তিগত উদ্ভাবন, রপ্তানি ও বাজারের সমস্যা ও সম্ভাবনা, বিনিয়োগের সুযোগ ও নীতি-নিয়ন্ত্রণ নিয়ে বিশদ আলোচনা অত্যন্ত জরুরী।

স্থানীয় উৎপাদনের বিকাশ

বর্তমানে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে সহস্রাধিক ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ প্রতিষ্ঠান কৃষি যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশ তৈরি করছে। তার মধ্যে বগুড়া, নওগাঁ, দিনাজপুর, চুয়াডাঙ্গা, যশোর, সিলেট, কুমিল্লা ও কিশোরগঞ্জ অন্যতম; খুচরা যন্ত্রাংশের জন্য বিশেষ করে বগুড়া ও যশোর প্রসিদ্ধ। স্থানীয়ভাবে জমির প্রকৃতি ও ফসলের সাথে সামঞ্জস্য রেখে উৎপাদিত যন্ত্রপাতি স্থানীয় চাহিদা পূরণের সাথে সাথে বিভিন্ন অঞ্চলে বিক্রি হচ্ছে।

উৎপাদিত যন্ত্রপাতি

স্থানীয় প্রতিষ্ঠানগুলো সুনামের সাথে বিভিন্ন শস্য মাড়াই ও ঝাড়াই যন্ত্র, সেচ যন্ত্র, পাওয়ার টিলার, স্প্রেয়ার, ঘাস কাটার যন্ত্র, নিড়ানি, বীজ বপন যন্ত্র সহ বিভিন্ন ধরনের স্থানীয়ভাবে প্রয়োজনীয় ছোটখাটো কৃষি যন্ত্রপাতি তৈরি করে এদেশের কৃষককে প্রতিনিয়ত কৃষি উৎপাদনে সহযোগিতা করে আসছে।

খুচরা যন্ত্রাংশ উৎপাদন

হালকা প্রকৌশল শিল্পের বদৌলতে স্থানীয়ভাবে উৎপাদিত যন্ত্রপাতির শতভাগ খুচরা যন্ত্রাংশ এদেশে তৈরি হচ্ছে এবং আমদানিকৃত যন্ত্রপাতির উল্লেখযোগ্য অংশের খুচরা যন্ত্রাংশও বর্তমানে এ দেশের শিল্প উদ্যোক্তারা তৈরি করছে। কৃষি যন্ত্রকে মৌসুম ভিত্তিক সুচারুভাবে চালানোর জন্য বিভিন্ন ধরনের খুচরা যন্ত্রাংশের প্রয়োজন, সঠিক সময়ে দ্রুত খুচরা যন্ত্রাংশের যোগান না পেলে ফসল উৎপাদনকে স্থিতিশীল রাখা অত্যন্ত কঠিন হয়ে পড়ে। খুচরা যন্ত্রাংশ তৈরির ক্ষেত্রে সত্যিকার অর্থেই এদেশে একটা বিপ্লব সাধিত হয়েছে। কিছু বেসরকারি প্রতিষ্ঠান আন্তর্জাতিক মানের (ISO) সনদ অর্জন করেছে, যা তাদের উৎপাদিত যন্ত্রাংশের বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি করেছে। এসব কারখানায় উৎপাদিত যন্ত্রাংশগুলি স্থানীয় চাহিদা মেটানোর পাশাপাশি বিদেশেও রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করছে।

সম্ভাবনা

বাংলাদেশে কৃষি যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশ উৎপাদন শিল্পে আগামীতে ব্যাপক উন্নয়নের সম্ভাবনা রয়েছে। নতুন কৃষি শ্রমিকের আবির্ভাব না হওয়া, পুরাতন কৃষি শ্রমিকের বয়স আধিক্যের কারণে তাদের উৎপাদন ক্ষমতা হ্রাস পাওয়া, দ্রুত শিল্প ও নগরায়নের কারণে শ্রমিকের বহুবিধ ব্যবহার বৃদ্ধি পাওয়ায় বর্তমানে কৃষি শ্রমিকের সংকট ও মজুরি মৌসুম ভেদে তীব্র আকার ধারণ করেছে। ফলশ্রুতিতে প্রতিনিয়ত কৃষকরা যন্ত্রের ওপর অধিক থেকে অধিকতর নির্ভরশীল হয়ে উঠছেন। কৃষি যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশের আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতার জন্য বাংলাদেশের বিশাল সম্ভাবনা রয়েছে। এক্ষেত্রে বাংলাদেশকে প্রয়োজনীয় উন্নত মান ও প্রযুক্তিগত দক্ষতার মাধ্যমে নিজেদের সক্ষমতা প্রমাণ করতে হবে। আশার কথা ইতিমধ্যেই বাংলাদেশ তাদের উৎপাদিত কৃষি যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশ পৃথিবীর বিভিন্ন দেশে রপ্তানি শুরু করেছে। এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ হল এটাকে অব্যাহতভাবে বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় সকলপক্ষের সব ধরনের প্রচেষ্টা ও সহযোগিতা। তাহলেই বাংলাদেশ কাঙ্খিত লক্ষ্যে পৌছতে পারবে এবং পোশাক শিল্পের মত এখানেও বাংলাদেশ সারা বিশ্বে নেতৃত্ব দান করবে অদূর ভবিষ্যতে।

প্রতিবন্ধকতা

ক) উন্নত মানের কৃষি যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশ তৈরির এখন পর্যন্ত প্রধান কাঁচামাল হলো ইস্পাত বা লৌহ, মানসম্পন্ন কাঁচামাল ছাড়া উন্নত মানের পণ্য উপাদন কোন ভাবেই সম্ভব নয়। যেহেতু বাংলাদেশে কোন লোহার খনি নেই, উন্নত মানের লৌহ আকরিকও আসেনা বললেই চলে, পুরাতন জাহাজ ভাঙ্গা শিল্পের ইস্পাতই আমাদের লৌহজাত পণ্য সমূহের কাঁচামালের প্রধান উৎস। উক্ত কাঁচামালের গুনাগুনের ভিন্নতার কারণে সঠিক মানের যন্ত্র ও যন্ত্রাংশ তৈরি করা কোনভাবেই সম্ভব নয়।

খ) সঠিক মানের যন্ত্র ও যন্ত্রাংশ তৈরির জন্য যে ধরনের অত্যাধুনিক যন্ত্রপাতি ও পদ্ধতি অবলম্বন করা প্রয়োজন সে ক্ষেত্রেও আমাদের যথেষ্ট অভাব রয়েছে।

গ) অত্যাধুনিক যন্ত্রপাতি পরিচালনার জন্য যে ধরনের দক্ষ জনশক্তি প্রয়োজন সেখানেও আমাদের অভাব প্রকট।

ঘ) স্থানীয় খুচরা যন্ত্রাংশ উৎপাদনে মান নিয়ন্ত্রণের অভাব রয়েছে, সঠিক জ্ঞান ও প্রক্রিয়া অবলম্বনের অভাবে সঠিক মান নির্ধারণ ও নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছেনা, আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতার ক্ষেত্রে মান নিয়ন্ত্রণ খুবই গুরুত্বপূর্ণ। উপযুক্ত মানের অভাবে যন্ত্র ও যন্ত্রাংশ উভয়েরই কার্যক্ষমতা ও জীবনকাল হ্রাস পায়।

ঙ) ব্যবসা-বান্ধব পরিবেশের অভাব, অবকাঠামোগত অব্যবস্থাপনা, সঠিক সময়ে সঠিক নীতি প্রণয়নে অনীহা বা দীর্ঘসূত্রতা, বিভিন্ন অধিদপ্তরের মধ্যে সমন্বয়হীনতা, বিনিয়োগে অনীহা, বিভিন্ন প্রকারের শুল্ক, মূল্য সংযোজন কর, অতিরিক্ত সুদের হার ইত্যাদি এই শিল্প বিকাশের বড় অন্তরায়।

প্রস্তাবনা

ক) আন্ত মন্ত্রণালয়ের সমন্বয়ের মাধ্যমে সকল অংশীজনের সাথে বসে সঠিক নীতি প্রণয় ও বাস্তবভিত্তিক লক্ষণ নির্ধারণ করে সঠিক কর্মপরিকল্পনা তৈরি করা এবং নির্দিষ্ট সময় পর পর মূল্যায়ন করা।

খ) গবেষণা ও উন্নয়ন খাতে বিনিয়োগ বাড়ানো জন্য সরকারি প্রণোদনার ব্যবস্থাপনা।

গ) দেশীয় বিনিয়োগের সাথে সাথে বৈদেশিক বিনিয়োগও বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

ঘ) কারিগরি প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও পলিটেকনিক ইনস্টিটিউটগুলিতে কৃষি যন্ত্রপাতি উৎপাদন, রক্ষণাবেক্ষণ ও পরিচালনা সম্পর্কিত বিষয় চালু করা প্রয়োজন।

ঙ) সরকার ও বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে সমন্বিত উদ্যোগ গঠন করা যাতে আধুনিক উৎপাদন প্রক্রিয়া, রপ্তানি, মান নিয়ন্ত্রণ ও প্রযুক্তিগত পরামর্শ প্রদান সহজ হয়।

চ) কৃষি যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশের মাঠ পর্যায়ে ব্যবহারের সমস্যা গুলি চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় উন্নয়নের জন্য গবেষণা প্রতিষ্ঠানগুলি সমন্বিতভাবে সহযোগিতা করতে পারে।

ছ) দীর্ঘমেয়াদী পরিকল্পনার অংশ হিসেবে আমদানি নির্ভরতা কমিয়ে ধীরে ধীরে স্বনির্ভরতা অর্জনে সচেষ্ট হতে হবে।

উপসংহার

বাংলাদেশে কৃষি যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশের উৎপাদন খাত দ্রুত বিকাশ লাভ করছে। ইতোমধ্যেই অনেক স্থানীয় প্রতিষ্ঠান কৃষকের চাহিদা মেটাতে সফল হয়েছে এবং বিদেশে রপ্তানি করছে। তবে উন্নত প্রযুক্তি, মানসম্পন্ন কাঁচামাল, দক্ষ জনবল এবং বিনিয়োগ বৃদ্ধি নিশ্চিত করতে না পারলে বৈশ্বিক প্রতিযোগিতায় টিকে থাকা কঠিন হবে। সরকারি-বেসরকারি উদ্যোগ, গবেষণা এবং প্রযুক্তি স্থানান্তরের সমন্বয়ের মাধ্যমেই বাংলাদেশ কৃষি যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশ উৎপাদনে আত্মনির্ভর হতে পারবে। এর ফলে শুধু খাদ্য ও পুষ্টির নিরাপত্তাই নয়, আর্থ-সামাজিক মর্যাদা, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং বিপুল জনগোষ্ঠীর দেশে বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা হবে।

Light Engineering needs research based pyramid model

Dr. Syed Md. Ihsanul Karim
Former MD, SMEF
Former Director, BITAC and
Chairman, Inter Biz

Sustainable Light Engineering Development needs research on demand followed by commercialization. It must be supported by policy. It must start with one research then needs to be commercialized with the detailed working design, production process, material specification etc. They are all being done by engineers. Working drawing, work detailing, supervision, production planning follow-up and other field level necessary engineering works are being worked on by diploma engineers. Lastly the machining works are worked on by technicians.



Usually one research creates work for multiple engineers. In the same way one engineer creates work for multiple diploma engineers. And then again one diploma engineer creates work for multiple technicians. In the diagram there are 3 levels, level 1 contains research and design. Usually research and design are done at university level. Level 1 requires strong linkage between academy and industry. It also needs entrepreneurship friendly environment to create new entrepreneurs instead of regular jobs. If research and designs are done locally, the talented engineers and tech related people will get high value jobs locally. As a result it will significantly reduce brain drain from our country. Also it will create huge job opportunities for our unemployed diploma engineers.

On the other hand our Light Engineering clusters including at Dholaikhal consisting talented manpower have huge potential for engineering works. The clusters need worthy works. And to make that happen the research and design need to be done locally by university level experts. The research outcomes should be protected under intellectual properties (IP).

As we know one of the best alternatives for garments is the Light engineering sector. This has around 7 trillion dollar global market. Bangladesh can take this opportunity of considerable market share through research to manufacture cycle by using extra advantage of the population dividend.

এলডিসি থেকে উত্তরণ এবং বাংলাদেশে দক্ষ কর্মী ও ব্যবস্থাপকের চাহিদা পূরণে করণীয়

ড. মো. হেলাল উদ্দিন, এনডিসি
সেক্রেটারি জেনারেল, বিসিআই;
সাবেক অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় ও সাবেক মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ ২০২৬ সালের নভেম্বর থেকে স্বল্পোন্নত দেশ হতে বেরিয়ে আসবে। বাংলাদেশের জন্য স্বল্পোন্নত দেশ হতে বেরিয়ে আসা একদিকে যেমন গৌরবের, অন্যদিকে এর জন্য কতিপয় সুনির্দিষ্ট ও কঠিন চ্যালেঞ্জও মোকাবেলা করতে হবে। এ লক্ষ্যে সরকারি ও বেসরকারি খাতের প্রস্তুতি এখনো সন্তোষজনক হয়নি। এ চ্যালেঞ্জগুলোর অন্যতম হলো অদক্ষ এবং স্বল্পদক্ষ কর্মীদের চাকরি হারানো। কারণ গ্র্যাজুয়েশনের পর আমাদের হাই ভ্যালু অ্যাডেড পণ্যের সঙ্গে প্রতিযোগিতা করতে হবে। এর জন্য নতুন প্রযুক্তি ও নতুন দক্ষতা প্রয়োজন হবে। অধিকন্তু আমরা বর্তমান চতুর্থ শিল্প বিপ্লবের যুগ অতিক্রম করছি। যেখানে স্থানীয় ও বিশ্ব চাকরির বাজারের জন্য আমাদের নতুন প্রযুক্তি ও দক্ষতা অর্জনের আবশ্যকতা রয়েছে। দেশের বেসরকারি খাত ক্রমান্বয়ে বিকশিত হচ্ছে। কর্মসংস্থানের ৯০ শতাংশ হচ্ছে বেসরকারি খাত ও অপ্রাতিষ্ঠানিক খাতে। দেশের নাগরিকরা বিশ্বের বিভিন্ন দেশে কাজ করছে। দেশের উন্নয়নে পর্যাপ্ত বৈদেশিক মুদ্রা আয় করে দেশে পাঠাচ্ছে। অন্যদিকে দেশের গার্মেন্টস, টেক্সটাইল, আইসিটি ও পোলট্রি খাতে অনেক বিদেশী নাগরিক কাজ করছেন, যাদের জন্য দেশ থেকে প্রতি বছর প্রায় ৫ বিলিয়ন ডলার রেমিট্যান্স যায়। আমাদের আশার জায়গা হচ্ছে, বাংলাদেশ একটি তারুণ্যনির্ভর দেশ, যার রয়েছে জনমিতিক লভ্যাংশ বা ডেমোগ্রাফিক ডিভিডেন্ড। দেশে বর্তমান ২৬ বছর গড় বয়সী মানুষের সংখ্যা ৮ কোটি। এলডিসি উত্তর চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের সুনির্দিষ্ট খাতভিত্তিক দক্ষ কর্মী ও ব্যবস্থাপক তৈরি করা আবশ্যক। আমাদের উৎপাদন ও সেবা খাতগুলোর বিভিন্ন উপখাতে এবং আমাদের কর্মীদের বৈদেশিক বাজারের চাহিদা বিবেচনায় দক্ষ কর্মী ও ব্যবস্থাপক তৈরির বিষয়ে বাস্তবভিত্তিক পরিকল্পনা ও কর্মসূচি গ্রহণ আবশ্যক। দক্ষ কর্মী ও ব্যবস্থাপকের স্থানীয় ও বৈদেশিক কর্মবাজারে চাহিদা পর্যালোচনায় দেখা যায়, বর্তমানে দেশের উৎপাদন ও সেবা খাতে গড়ে প্রতি বছর প্রায় ১০ লাখ কর্মীর চাহিদা রয়েছে। উল্লেখ্য, দেশের অর্থনীতি যে দুটি ভিত্তির ওপর দাঁড়িয়ে আছে, তার মধ্যে একটি হচ্ছে প্রবাসী শ্রমিকদের পাঠানো রেমিট্যান্স।

স্থানীয় ও বৈদেশিক কর্মসংস্থানের জন্য দক্ষ কর্মী ও ব্যবস্থাপকের চাহিদার প্রধান খাতগুলো (উৎপাদন ও সেবা):
কৃষি ও কৃষিজাত (কৃষি প্রক্রিয়া, মাংস ও প্রাণিসম্পদ); শিল্প (অতিক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ); স্বাস্থ্য (নার্সিং, কেয়ারগিভার, ল্যাব টেকনিশিয়ান ও অন্যান্য সহায়ক সার্ভিস); আইসিটি (এআই, আউটসোর্সিং, বিগডাটা) ও অন্যান্য সহায়ক সেবা); ফ্যানিলিটি ম্যানেজমেন্ট (মেইনটেন্যান্স); ট্যুরিজম ও হসপিটালিটি ম্যানেজমেন্ট; ডিজাইন ও মিডিয়া; বিশেষায়িত উৎপাদন ও সেবা খাত (মেগা এজেন্ট, পোর্ট); নির্মাণ শিল্প; বিদ্যুৎ ও জ্বালানিসংশ্লিষ্ট বিভিন্ন খাত ও উপখাত এবং অগ্রাধিকার খাত (লাইট ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল, ইলেকট্রনিকস ও প্লাস্টিক শিল্প)।

বাংলাদেশে গার্মেন্টস ও টেক্সটাইল, টেলিকমিউনিকেশন, উচ্চ প্রযুক্তির উৎপাদন খাত, পোলট্রি রেয়ারিং এবং পোলট্রি ফিড ইত্যাদি খাতে প্রায় পাঁচ লাখ বিদেশী নাগরিক কর্মরত রয়েছেন। তাদের অধিকাংশ উচ্চ কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ কর্মী ও ব্যবস্থাপক। তারা প্রতি বছর বাংলাদেশ থেকে প্রায় ৫ বিলিয়ন মার্কিন ডলার আয় করে নিয়ে যায়।

বাংলাদেশ প্রতি বছর মধ্যপ্রাচ্য এবং অন্যান্য দেশে গড়ে প্রায় পাঁচ লাখ জনশক্তি রফতানি করে। বিদেশে যাওয়া কর্মীদের মধ্যে, বিশেষ করে মধ্যপ্রাচ্য ও মালয়েশিয়া গমনকারীদের প্রায় অর্ধেক বিশেষ কোনো দক্ষতা ছাড়াই যান। অবশিষ্ট কর্মীরা স্বল্প দক্ষতা নিয়ে বিদেশে যান বা বিদেশে গিয়ে দক্ষতা অর্জন করেন। তবে তাদের দক্ষতার কোনো সনদ স্বীকৃতি নেই। মধ্যপ্রাচ্য ও

মালয়েশিয়ার বাংলাদেশ হতে দক্ষতাসম্পন্ন কর্মীদের গমনের সুযোগ ও চাহিদা রয়েছে।

বাংলাদেশ থেকে ইউরোপ, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, কানাডা ও আমেরিকায় উচ্চদক্ষ কর্মী (প্রফেশনাল) হিসেবে যাওয়ার সুযোগ রয়েছে।

পর্যালোচনায় দেখা যায়, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকে শ্রমবাজারের চাহিদাভিত্তিক ব্যবস্থাপক/প্রফেশনাল তৈরির কোনো ডাটাবেজ নেই। তবে গণমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, তাদের প্রায় ৪০ শতাংশ কাজের সুযোগ পাচ্ছে না।

শিল্প খাতভিত্তিক প্রয়োজনীয় দক্ষকর্মী ও ব্যবস্থাপক তৈরির বিশেষায়িত প্রতিষ্ঠানের পরিচিতি তেমন নেই।

দক্ষ কর্মী ও ব্যবস্থাপক তৈরির বর্তমান সুযোগগুলো: অকুপেশনভিত্তিক শর্ট কোর্স; ট্রেডভিত্তিক ভোকেশনাল শিক্ষা; ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষা; বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষা; বিশেষায়িত শিক্ষা/প্রফেশনাল শিক্ষা; আইসিটি খাতের চাহিদার সঙ্গে সংগতি রেখে আইসিটি-বিষয়ক বিভিন্ন শিক্ষা ও প্রশিক্ষণ; নতুন প্রযুক্তি যেমন এআই-সংক্রান্ত কাজে দক্ষতা অর্জনের প্রশিক্ষণ; সারা দেশের কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোয় সাধারণ ও প্রফেশনাল ডিগ্রি অর্জনের সুযোগ;

দক্ষ কর্মী ও ব্যবস্থাপক তৈরির ক্ষেত্রে বিদ্যমান সমস্যা বা চ্যালেঞ্জগুলো: আমাদের উৎপাদন ও সেবা খাতের বিভিন্ন উপখাতগুলোয় কী ধরনের দক্ষতা প্রয়োজন এবং এ ধরনের দক্ষতা কারা প্রদান করতে পারে তার কোনো পাবলিক পরিচিতি নেই এবং সুনির্ধারিত তথ্যপ্রাপ্তিরও সুযোগ নেই। দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের সক্ষমতা ও মানসম্মত কারিগরি শিক্ষার সক্ষমতা ও মান এবং মূল্যায়ন পদ্ধতির অনেক সীমাবদ্ধতা রয়েছে। সাধারণ শিক্ষায় শিক্ষিত যুবকদের, বিশেষ করে সারা দেশের স্নাতক পর্যায়ে পড়া ছাত্রছাত্রীদের পড়াশোনার সময় কর্মকালীন দক্ষতা অর্জনের সুযোগ সীমিত। বর্তমান শিল্পপ্রতিষ্ঠানগুলোর চাহিদা অনুপাতে যুবকরা আইসিটি, ল্যাঙ্গুয়েজ অ্যান্ড সফট স্কিলস ভালোভাবে অর্জন করতে পারছেন না। ফলে কোনো রকম দক্ষতা ছাড়াই বিপুলসংখ্যক লোক চাকরির বাজারে প্রতিযোগিতায় নামছে। দেশে কারিগরি পেশাগুলোর সামাজিক স্বীকৃতি কম। সমাজ/পরিবার অন্যের কাছে গর্ব করে বলতে পারবে এমন পেশায় ছেলেমেয়েদের দেখতে চায়। আমাদের বেসরকারি খাতের আনুষ্ঠানিক খাতের কর্ম ও কর্মগুলোর প্রাপ্তিতে প্রয়োজনীয় যোগ্যতা সম্পর্কে যুবকদের ধারণা কম, কারণ অধিকাংশ বেসরকারি আনুষ্ঠানিক চাকরির জন্য সচরাচর পাবলিক ডমিনে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় না। যাদের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ নেই কিন্তু দেশ/বিদেশে কাজের অভিজ্ঞতার মাধ্যমে বিভিন্ন ট্রেডে দক্ষতা অর্জন করেছেন তাদের দক্ষতা মূল্যায়নপূর্বক সনদ প্রদান (আরপিএল) কার্যক্রমের অনেক সীমাবদ্ধতা রয়েছে এবং শিল্প-কারখানা ও সেবা খাতে কর্মরত কর্মীদের রি-স্কিলিং ও আপ-স্কিলিংয়ের প্রাতিষ্ঠানিক কাঠামো ও সহযোগিতার অভাব রয়েছে। বিদেশগামী কর্মীদের প্রয়োজনীয় দক্ষতা চাহিদা নিরূপণ, চাহিদা অনুযায়ী তাদের দক্ষ করে তোলা, দক্ষতা মূল্যায়ন এবং দক্ষতা সনদের আন্তর্জাতিক স্বীকৃতি ইত্যাদি বিষয়ে অনেক ঘাটতি রয়েছে। দক্ষতা প্রশিক্ষণ, কারিগরি শিক্ষা কার্যক্রমে গোবাল পার্টনারশিপ অ্যান্ড বেঞ্চ মার্কিংয়ের অভাব রয়েছে। দক্ষ ব্যবস্থাপক/প্রফেশনাল তৈরির জন্য বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধীন বিশেষায়িত ইনস্টিটিউট এবং সরকারি ও বেসরকারি ইনস্টিটিউটগুলোর মধ্যে সমন্বয়হীনতা ও যোগাযোগের অভাব রয়েছে। এসব বিষয় উৎপাদন ও সেবা খাতের উদ্যোক্তারা ভালোভাবে জানেন না।

দেশের যেসব খাতে বিদেশী কর্মীরা কাজ করেন সেসব খাতের বিভিন্ন অকুপেশন/প্রফেশনে দেশীয় কর্মীদের দক্ষতা উন্নয়নে কার্যকর উদ্যোগ ও ব্যবস্থা নেই। বিশেষ করে বেসরকারি খাত এসব বিষয়ে তথ্য আদান-প্রদানে সাবলীল নয়। লাইফলং লার্নিং ও কন্টিনিউয়াস এডুকেশন অ্যান্ড ট্রেনিংয়ের (সিইটি) প্রাতিষ্ঠানিক ব্যবস্থা নেই। দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও কারিগরি শিক্ষা গ্রহণকারী শিক্ষার্থীদের দেশ-বিদেশে উপযুক্ত কর্মে নিযুক্ত করার বিষয়ের (স্কিল মার্কেটিং) কোনো ব্যবস্থা নেই এবং বিদেশে নিয়োগকারী কর্তৃক গ্রহণযোগ্য সার্টিফিকেশনের ব্যবস্থা নেই। দেশের কারিগরি শিক্ষা বোর্ড প্রায় সব সরকারি-বেসরকারি কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিষয়ক কারিকুলাম তৈরি, পরীক্ষা গ্রহণ ও সার্টিফিকেট দেয়। একক একটি সংস্থা হিসেবে এত ব্যাপক কাজের দায়িত্ব পালনের ফলে কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণের মানের বিষয়টি দীর্ঘদিন ধরে কম গুরুত্ব পেয়ে আসছে।

বর্তমান শিক্ষা গ্রহণ শেষে কর্মে প্রবেশের সুযোগ পাচ্ছে না অধিকাংশ যুবক। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন স্নাতক পর্যায়ে অধ্যয়নরত প্রায় ৪০ লাখ শিক্ষার্থী এবং বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা অনিশ্চিত কর্ম-ভবিষ্যৎ নিয়ে শিক্ষাজীবন সম্পন্ন করছে। বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ কর্তৃক দাতাদের সহায়তায় গৃহীত বিভিন্ন প্রকল্পে লক্ষ্যস্থির ও সমন্বয়হীনতার অভাবে বাংলাদেশের শিক্ষা, প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নে কার্যকর প্রভাব ফেলতে সক্ষম হয়নি।

দক্ষ কর্মী ও ব্যবস্থাপকের চাহিদা পূরণে করণীয়: দেশের সবচেয়ে বড় শক্তি গড় ২৬ বছর বয়সের প্রায় আট কোটি যুবশক্তিকে কার্যকর শ্রমশক্তিতে রূপান্তর করে দেশকে এগিয়ে নিতে হবে। এক্ষেত্রে নিচের পদক্ষেপগুলো নেয়া যেতে পারে।

স্বল্পমেয়াদি: যেসব প্রতিষ্ঠান দেশে সরকারি পর্যায়ে নিজেরা প্রশিক্ষণ পরিচালনা করে এবং যেসব প্রতিষ্ঠান বেসরকারি পর্যায়ে প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি ও সনদ দেয় (বিএমইটি, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও এনএসডিএ) তাদের কার্যক্রম, সক্ষমতা এবং দক্ষতা উন্নয়নে প্রভাব কী ইত্যাদি জরুরি ভিত্তিতে পর্যালোচনা করা দরকার। সরকারের বিভিন্ন দপ্তরের অনুমতি নিয়ে স্থাপিত বেসরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলোর প্রশিক্ষণের মান ও সক্ষমতা যাচাই করা আবশ্যক। সরকারি-বেসরকারি সব প্রশিক্ষণ প্রতিষ্ঠানের বিভিন্ন অকুপেশন/ট্রেডভিত্তিক পরিচালিত প্রশিক্ষণ একই মানের ও মূল্যায়ন পদ্ধতিও অভিন্ন হওয়া দরকার। এ কাজের জন্য এনএসডিএ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, বিএমইটি, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর ও স্বাস্থ্যশিক্ষা অধিদপ্তরের কার্যক্রম সমন্বয় করে সব প্রশিক্ষণ প্রতিষ্ঠান যাচাই করে সংস্কার/উন্নয়ন/প্রয়োজনে বন্ধ করে দেয়া একান্ত জরুরি। এজন্য এসব প্রতিষ্ঠানের প্রধানদের নিয়ে একটি টাস্কফোর্স গঠন করে সমস্যা চিহ্নিত ও সমাধানের উদ্যোগ গ্রহণ করা দরকার। বাংলাদেশের অদক্ষ/অর্ধদক্ষ শ্রমিকের বড় কর্মের বাজার হলো বৈদেশিক (মধ্যপ্রাচ্য ও মালয়েশিয়া) কর্মসংস্থান। দেশের বৈদেশিক কর্মসংস্থান কার্যক্রম সূচারুভাবে সম্পন্ন (কর্মী অনুযায়ী দেশ বাছাই, কর্মের জন্য উপযুক্ত সার্টিফিকেটসহ যোগ্যতা তৈরি, কর্মীকে দেশ ও পেশা নির্বাচনের সুযোগ দান, কর্মীর আর্থিক সহযোগিতা, বিদেশে কর্মপ্রাপ্তি তদারকি) ইত্যাদি কাজের জন্য প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নেতৃত্বে একটি টাস্কফোর্স গঠন করা যেতে পারে। আমাদের কৃষি ও কৃষি প্রক্রিয়াজাত খাত, শিল্প খাত, স্বাস্থ্য খাত, শিক্ষা ও শিক্ষা সহায়ক খাত, হোটেল রেস্টুরেন্ট, ট্যুরিজম ও আইসিটি সহায়ক খাতের কর্ম ও কর্মপ্রাপ্তিতে যোগ্যতা অর্জনের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করতে প্রতিটি খাতের জন্য একটি টাস্কফোর্স গঠন করা দরকার।

মধ্যমেয়াদি: যেসব বিশেষায়িত খাতগুলোয় বিদেশী কর্মীরা কাজ করেন এ বিষয়গুলো চিহ্নিত করে বাংলাদেশী কর্মীদের কীভাবে রিপ্লেস করা যায় সে বিষয়ে একটি টাস্কফোর্স গঠন করা দরকার। সেবা খাতের বিশেষায়িত অকুপেশন/প্রফেশনগুলোর জন্য উন্নত প্রশিক্ষণ প্রতিষ্ঠান স্থাপন ও মানসম্পন্ন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ। যারা বিদেশে বিভিন্ন অকুপেশনে দক্ষতা অর্জন করেছে এবং দেশে যারা বিভিন্ন ট্রেডে ও অকুপেশনে দক্ষতা অর্জন করে কাজ করছেন কিন্তু প্রাতিষ্ঠানিক সার্টিফিকেট নেই, তাদের জন্য আরপিএল প্রাপ্তির সুযোগ তৈরি করা। শ্রম ও কর্মসংস্থান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান, শিক্ষা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা, কৃষি, যুব ও ক্রীড়া, মৎস্য ও প্রাণিসম্পদ, স্বাস্থ্যশিক্ষা, মহিলা ও শিশু ইত্যাদি মন্ত্রণালয়, এনএসডিএ এবং বেসরকারি খাতের প্রতিষ্ঠান এফবিসিসিআই, বিসিআই, ডিসিসিআই, এমসিসিআই, বিডব্লিউসিসিআই ইত্যাদি প্রতিষ্ঠান নিয়ে দেশের কর্মসংস্থান বিষয়ে একটি জাতীয় টাস্কফোর্স করে নিয়মিতভাবে দেশের কর্মসংস্থান পরিস্থিতি, প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন ইত্যাদি নিয়ে পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণের ব্যবস্থা নিতে হবে। চিহ্নিত খাতগুলোর কর্মোপযোগী দক্ষতা তৈরি ও উপযুক্ত কর্মে নিযুক্ত করতে নিয়োগকর্তা, প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয় সাধন করার বিষয়েও এই টাস্কফোর্স কাজ করবে। কাজের প্রতি শ্রমিক কর্মচারী/ব্যবস্থাপকদের আগ্রহী করে তুলতে কর্মপরিবেশ নিরাপত্তা এবং প্রতিটি শ্রমিকের পেশাগত সেফটি ও স্বাস্থ্যঝুঁকি সম্পর্কে যথাযথ ব্যবস্থা নিতে হবে। বাংলাদেশের সামাজিক ও অর্থনৈতিক স্থিতিশীলতাকে গুরুত্ব দিয়ে যুবকদের উপযুক্ত কর্মসংস্থানের বিষয়ে একটি পৃথক মন্ত্রিপরিষদ/উপদেষ্টা পরিষদ কমিটি গঠন করা যেতে পারে।

দীর্ঘমেয়াদি: দেশে সরকারি ও বেসরকারি আনুষ্ঠানিক কর্মের ধরন ও কর্মপ্রাপ্তিতে করণীয় সম্পর্কে ছাত্রদের ধারণা দেয়ার ব্যবস্থা নিতে হবে। দক্ষতা প্রশিক্ষণ, কারিগরি শিক্ষা কার্যক্রমে গোবাল পার্টনারশিপ অ্যান্ড বেঞ্চমার্কিংয়ের ব্যবস্থা গ্রহণ করা দরকার। বর্তমানে শিক্ষাগ্রহণ শেষে কর্মে প্রবেশ করতে সুযোগ পাচ্ছে নাড়এমন শিক্ষাগ্রহণ সীমিত করতে হবে। দেশের কর্মক্ষম মানুষগুলোকে তাদের বর্তমান পেশা/দক্ষতা/অভিজ্ঞতাভিত্তিক চিহ্নিত করে একটা ডাটাবেজ/গবেষণা প্রতিবেদন প্রস্তুত করা যেতে পারে। খাতভিত্তিক কাজগুলোয় কাজের জন্য উপযুক্ত দক্ষতা চিহ্নিত করে বর্তমান দক্ষতা ও ভবিষ্যতে কাজের দক্ষতা গ্যাপ পরিমাপ করতে হবে। তাদের কাজ করার উপযোগী করার জন্য কী করতে হবে তা ঠিক করতে হবে। দক্ষ কর্মী ও ব্যবস্থাপক তৈরির পদক্ষেপগুলোকে অত্যন্ত উচ্চমাত্রার গুরুত্ব দিয়ে সরকারের পক্ষ থেকে সমন্বিত ও সবার জন্য প্রযোজ্য নীতি বা আইন প্রণয়ন করতে হবে।

প্রকাশ: বুধবার ৯ জুলাই ২০২৫, বণিক বার্তা

Bridging the gap: Competition instruments and the development of MSMEs in Bangladesh

Mohd. Khalid Abu Naser
Founding Director and Former Non-Governmental Advisor
Bangladesh Competition Commission (BCC);
Lifelong Student of Competition/Antitrust Law.
Email: naser.admin@gmail.com

Abstract

This article critically examines the effectiveness of key competition law instruments in Bangladesh from the perspective of Micro, Small, and Medium Enterprises (MSMEs). It analyzes how antitrust enforcement, merger control, trade policy alignment, sector-specific regulations, and state aid influence MSMEs' ability to compete fairly. With Bangladesh's LDC graduation approaching in 2026, the paper underscores the urgency of adopting a more inclusive and context sensitive application of competition tools to support MSMEs as engines of inclusive growth, employment, and export diversification.

The article investigates whether current regulatory practices enable or hinder MSME development and evaluates their alignment with market efficiency, fair competition, and economic justice. By identifying implementation gaps and institutional inconsistencies, it proposes actionable, locally relevant policy reforms to enhance MSME competitiveness through equitable market access and effective enforcement. It also explores strategies to engage stakeholders in shaping a regulatory environment where MSMEs play a central role in Bangladesh's long-term socio-economic transformation.

1. Introduction

Micro, small, and medium enterprises (MSMEs) form the backbone of Bangladesh's economy. Representing approximately 90% of industrial units, they contribute around 80% of industrial employment, engaging an estimated 7.8 million individuals. Their output accounts for nearly 25% of national GDP, reflecting the sector's substantial economic footprint. Beyond these macroeconomic contributions, MSMEs play a pivotal role in rural development, poverty alleviation, employment generation, and export diversification particularly in sectors such as handicrafts, agro-processing, and light manufacturing. Their inclusive, decentralized structure makes MSMEs essential agents of equitable and sustainable growth.

Globally, MSMEs drive national economies in both developed and developing countries. In Japan, MSMEs comprise 81.4% of employment and receive 50% of total credit; in France, they contribute 54% to value addition and receive 45% of total investment; in India, they account for 40% of total exports. These global

benchmarks underscore the strategic potential of MSMEs in Bangladesh, which remains underutilized due to systemic barriers.

Despite their central economic role, Bangladeshi MSMEs often face structural and behavioral market constraints, including unequal access to capital, predatory pricing, market exclusion, and limited bargaining power. A critical and often overlooked dimension of these challenges lies in the enforcement of competition law and policy. Weak antitrust enforcement, inadequate merger scrutiny, uncoordinated sectoral regulation, and opaque state aid practices can all distort market dynamics to the detriment of MSMEs.

As Bangladesh approaches its graduation from Least Developed Country (LDC) status in November 2026 amid global headwinds such as increased tariffs on exports and tightened trade conditionalities there is a pressing need to evaluate whether the current competition regime is enabling MSME resilience or reinforcing entrenched market power. In this context, competition policy must not be viewed solely as a tool to regulate large corporations, but as a critical instrument for ensuring inclusive market access and empowering MSMEs to thrive.

This article explores the causal link between the effectiveness of competition law instruments such as antitrust enforcement, merger control, trade policy alignment, sector-specific regulation, and state aid and the development trajectory of MSMEs in Bangladesh. It aims to assess whether these instruments function as enablers or barriers and proposes actionable, context-specific reforms that can position MSMEs as vital drivers of Bangladesh's long-term socio-economic transformation.

2. Key Competition instruments and their MSME implications



Figure: Competition instruments

2.1 Antitrust instruments: Anticompetitive agreement (Conspiracy) and Abuse of dominant market power (Exploitation)

At the heart of competition law are antitrust provisions targeting anti-competitive agreements (conspiracies) and abuse of dominant market power (exploitation). These violations may occur through collusion (e.g., price fixing, market sharing, bid rigging) or unilateral abuse (e.g., predatory pricing, discriminatory conditions, refusal to deal etc.).

MSMEs are particularly vulnerable to both forms of antitrust abuse. Bid rigging in public procurement disproportionately harms smaller firms lacking political connections or legal resources. Similarly, abusive practices by dominant players, such as predatory pricing or exclusive dealing, can drive MSMEs out of the market.

In Bangladesh, as in many jurisdictions, the enforcement of antitrust law is predominantly reactive. The BCC has limited capacity for proactive market surveillance or sector inquiries. The result is a regulatory vacuum in which MSMEs suffer in silence, unable to challenge deep-rooted market power.

2.2 Merger control: Gatekeeping market structure

Merger control is another critical tool for preserving market contestability. In theory, it prevents excessive concentration by assessing whether mergers and acquisitions (M&As) are likely to reduce competition.

For MSMEs, merger decisions can have significant downstream effects. For example, if a major distributor acquires a logistics company and restricts access to competitors, MSMEs may face higher costs and market exclusion. Yet, due to capacity constraints, merger assessments in Bangladesh often overlook MSME implications. Economic, legal, and technological evaluations are rarely conducted with MSMEs in mind, and stakeholders from the MSME sector are seldom consulted.

Additionally, many MSMEs lack the financial literacy to understand how M&A deals may affect their market access or bargaining position. Without legal aid or advocacy platforms, they remain voiceless in merger proceedings.

2.3 Trade and industrial policy alignment

Trade and industrial policies, when misaligned, can produce anti-competitive outcomes. Although not traditionally considered core competition tools, their influence is substantial.

Bangladesh typically revises its trade and industrial policies every four to five years. However, MSMEs often lack the institutional capacity and organizational strength to effectively engage in policy consultations or influence decision-making processes. As a result, key policy instruments such as tariffs, subsidies, and import licensing tend to disproportionately benefit large firms, while unintentionally placing smaller producers at a disadvantage.

For instance, selective duty exemptions on imported machinery benefit large conglomerates but exclude MSMEs due to complex documentation or limited awareness. When trade policy prioritizes short-term revenue over long-term competitiveness, MSMEs suffer from increased costs and limited scalability.

2.4 Sector-specific regulations

Regulatory oversight in sectors such as telecommunications, energy, finance, and securities often intersect with competition concerns. While sectoral regulators are expected to prevent abuse of dominance or collusion within their domains, coordination with the competition authority is frequently weak.

MSMEs face acute knowledge asymmetries in dealing with regulatory compliance. Licensing procedures, data-sharing mandates, or energy pricing structures may disproportionately burden smaller players. In sectors dominated by a few incumbents, regulatory forbearance can deepen market entry barriers.
A notable example is the telecom sector, where spectrum allocation, interconnection charges, and infrastructure sharing significantly affect new entrants. Without regulatory coherence and cross-agency coordination, MSMEs remain at the periphery of sectoral markets.

2.5 State aid: The invisible distortion

State aid delivered through subsidies, tax exemptions, preferential procurement, or subsidized credit can serve as a powerful tool to correct market failures and support MSMEs when applied transparently and strategically. However, in Bangladesh, such aid often disproportionately benefits large conglomerates under the guise of industrial promotion, with limited regard for long-term market implications.

For example, the production of consumer goods like puffed rice (muri), spicy snack mix (chanacur), and spices (moshla) is increasingly dominated by large enterprises that enjoy implicit or explicit state support, such as tax breaks or preferential licensing. This has led to the crowding out of small traditional producers, eroding local entrepreneurship and concentrating market power.

Unlike antitrust violations, which are explicitly penalized under the Competition Act, 2012, distortions caused by state aid remain legal and are often embedded within policy frameworks. This regulatory asymmetry compromises market fairness by allowing politically connected or resource-rich firms to gain undue market power, stifling competition, reducing product diversity, and driving up consumer prices.

In jurisdictions like the European Union, state aid is subject to scrutiny to ensure public interest objectives do not undermine competition. Bangladesh, however, lacks such a mechanism, allowing unchecked advantages to entrench oligopolistic structures.

To address this, a national dialogue is urgently needed to bring state aid under the purview of competition policy. A transparent review mechanism aligned with global best practices would help ensure public resources promote inclusive growth and uphold the integrity of Bangladesh's competition regime.

3. The MSME reality: Disempowered and disconnected

MSMEs in Bangladesh are not just underrepresented; they are structurally disempowered. Most lack access to legal aid, financial services, digital platforms, and policy dialogue. They are fragmented, informally networked, and rarely organized into strong trade associations.

This institutional weakness magnifies their vulnerability to anti-competitive conduct and regulatory indifference. Unlike conglomerates that lobby for favorable tax regimes or sectoral deregulation, MSMEs remain spectators in a game they cannot influence.

Their exclusion is further reinforced by bureaucratic hurdles, knowledge gaps, and high compliance costs. Even when harmed by competition/antitrust violations or state aid distortions, few MSMEs pursue redress through the BCC due to time, cost, and credibility constraints.

4. Policy Recommendations: Towards a pro-MSME competition regime

Creating a competitive and inclusive economic environment requires a deliberate shift toward a pro-MSME competition regime. To achieve this, the following policy measures are recommended:

4.1 Institutional strengthening of the BCC:

Enhance the BCC's investigative capacity, staff expertise, and financial autonomy to enable more effective enforcement of competition law. Establish MSME-focused help desks, early warning systems, and sectoral monitoring cells to identify anti-competitive risks that disproportionately affect small enterprises.

4.2 Strategic engagement and institutional synergy:

